দৈনিক
আমাদের সময়

তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# মেরিটাইম ইউনিভার্সিটির স্নাতকে (সম্মান) ভর্তি পরীক্ষা ১ নভেম্বর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রথমবারের স্নাতক (সম্মান) প্রোগ্রাম চালু করতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ওশানোগ্রাফি বিষয়ে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষা আগামী ১ নভেম্বর ১০টায় অনুষ্ঠিত হবে। এ জন্য অনলাইনে আবেদনপত্র জমা নেওয়া হচ্ছে যার শেষ তারিখ ১৮ অক্টোবর ২০১৬। ভর্তি প্রক্রিয়ার যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.bsmrmu.edu.bd এ পাওয়া যাবে। ২০১৬ এবং ২০১৫ শিক্ষাবর্ষে শুধু বিজ্ঞান বিভাগ থেকে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৪.০০ পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। এইচএসসির বর্তমান সিলেবাস অনুসারে শিক্ষার্থীদের পদার্থ, রসায়ন, গণিত, জীববিজ্ঞান এবং ইংরেজি বিষয়ে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।